

সেকশন ১:

রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্য সমূহ এবং কার্যাবলী

১.১ রূপকল্প (Vision):

প্রাকৃতিক বা বিপদাপন্ন জলবায়ুজনিত ও মনুষ্যসৃষ্ট দুর্যোগের ক্ষতিকর প্রভা, জনগোষ্ঠীর সহনীয় পর্যায়ে কমিয়ে এনে দারিদ্র্য হ্রাস।

১.২ অভিলক্ষ (Mission)

দুর্যোগ ব্যবস্থাপনার সার্বিক সক্ষমতা শক্তিশালীকরণের মাধ্যমে জনগণের বিশেষ করে দরিদ্র ও দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠীর ঝুঁকি ও বিপদাপন্নতা হ্রাস এবং বড় মাত্রার দুর্যোগ মোকাবেলায় সক্ষম একটি দক্ষ জরুরি সাড়া প্রদান পদ্ধতি প্রতিষ্ঠা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি ও বিপদাপন্নতা হ্রাস;
২. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা শক্তিশালীকরণ;
৩. জরুরী সাড়াদান পদ্ধতি শক্তিশালীকরণ এবং দুর্যোগ ও জলবায়ুজনিত পরিবর্তনের অভিযোজন প্রক্রিয়ার উন্নয়ন এবং
৪. দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতিতে পেশাদারিত্বের উন্নয়ন;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্য পদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions)

১. দুর্যোগের সময় ঝুঁকি কমানোর লক্ষ্যে জনসাধারণ, সরকারি কর্মচারী এবং বিভিন্ন পেশার লোকদের সচেতন করতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা।
২. বিভিন্ন মন্ত্রণালয়, স্থানীয় কর্তৃপক্ষ, প্রশিক্ষণ ও এনজিও সহযোগিতায় সরকারী কর্মকর্তা/কর্মচারী নির্বাচিত জনপ্রতিনিধি এবং অন্যদের দুর্যোগ ব্যবস্থাপনা প্রশিক্ষণ দেয়া।
৩. এনজিওদের দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত কাজের সমন্বয় করা।
৪. আবহাওয়া সতর্ক সংকেত সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারাভিযান নিশ্চিত করা।
৫. কাজের বিনিময়ে খাদ্য (গ্রামীণ অবকাঠামো সংস্কার) কর্মসূচি, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টেস্টরিলাফ), ভিজিএফ, জিআর এবং এ ধরনের অন্যান্য কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে মানবিক সহায়তা প্রদান;
৬. অতি দরিদ্রদের ঝুঁকিহ্রাসকল্পে বছরের বিভিন্ন সময়ে কর্মভাবকালে (Lean Period) কর্মসংস্থান নিশ্চিত করা;
৭. বৈদেশিক সূত্র হতে প্রাপ্ত খাদ্য ও অন্যান্য জরুরি মানবিক সহায়তা ব্যবহার ও বিতরণ সংক্রান্ত বিষয়ে সমন্বয় সাধন;
৮. দুর্যোগ ঝুঁকিহ্রাসকল্পে ক্ষুদ্রব্রিজ/কালভার্ট এবং বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র তদারকি;
৯. জলবায়ু পরিবর্তনের প্রভাবের কারণে দুর্যোগ সম্পৃক্ত অভিযোজন কর্মসূচি/ প্রকল্প বাস্তবায়ন;
১০. দুর্যোগ কালীন সময়ে আশ্রয় কেন্দ্রে মানুষ ও গবাদিপশুর যাতায়াতে সহায়তার জন্য ব্রিজ / কালভার্ট নির্মাণ তদারকি।